গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৯৩/২০১৯-২০২০
ঢাকা ২৩ মার্চ সোমবার ২০২০, ৯ চৈত্র ১৪২৬

১। দেশে আরও তিনজন করোনাভাইরাসে আক্রান্ত, মোট রোগীর সংখ্যা ২৭, সুস্থ হলেন ৫ জন : আইইডিসিআর
২। করোনা রোধে সহায়তা দেবে চীন : স্বাস্থ্যমন্ত্রীকে রাষ্ট্রদূত লি জিমিং
৩। করোনাভাইরাস সম্পর্কে গণসচেতনতা সৃষ্টি করতে হবে : সেতুমন্ত্রী
৪। করোনা নিয়ে বিএনপি বিদ্বেষ ছড়াচ্ছে : তথ্যমন্ত্রী
৫। করোনায় যাতে মানুষের ক্ষতি না হয় সেদিকে খেয়াল রাখবে সরকার : প্রধান বিচারপতির সঙ্গে সাক্ষাৎ শেষে আইনমন্ত্রী
৬। করোনায় কেউ মারা গেলে সেদেশেই দাফনের অনুরোধ পররাষ্ট্রমন্ত্রীর
৭। কলকারখানা বন্ধ হলে গ্রামে ছড়াবে করোনাভাইরাস : শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী
৮। করোনা পরিস্থিতি নিয়ন্ত্রণে সরকার কাজ করছে : সজীব ওয়াজেদ জয়
৯। করোনা মোকাবিলায় সার্ককে ১৫ লাখ ডলার দিচ্ছে বাংলাদেশ
১০। করোনাভাইরাস সংক্রান্ত গুজব প্রতিরোধে সেল গঠন
১১। করোনাভাইরাস শনাক্তকরণ কিটসহ ১২ পণ্য আমদানিতে শুল্ককর অব্যাহতি : এনবিআরের আদেশ জারি
১২। ২৫ মার্চ থেকে ৩১ মার্চ পর্যন্ত সারাদেশের বিপণিবিতান বন্ধ ঘোষণা
১৩। মন্ত্রিসভার বৈঠক হচ্ছে না আজ
১৪। সরকারি কর্মকর্তা-কর্মচারীদের কর্মস্থলে থাকার নির্দেশ
১৫। স্থলবন্দর দিয়ে বিদেশি প্রবেশে নিষেধাজ্ঞা
১৬। এইচএসসি ও সমমানের পরীক্ষা স্থগিত

১। দেশে আরও তিনজন করোনাভাইরাসে আক্রান্ত, মোট রোগীর সংখ্যা ২৭, সুস্থ হলেন ৫ জন : আইইডিসিআর

দেশে আরও তিনজন করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। এ নিয়ে দেশে করোনায় আক্রান্ত রোগীর সংখ্যা ২৭ জনে পৌঁছাল। তবে গতকাল (২২ মার্চ রোববার) পর্যন্ত সুস্থ হয়ে হাসপাতাল ছেড়েছেন আগে আক্রান্ত পাঁচজন। গতকাল (২২ মার্চ রোববার) করোনা-সংক্রান্ত নিয়মিত ব্রিফিংয়ে জাতীয় রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠানের পরিচালক অধ্যাপক ডা. মীরজাদী সেব্রিনা ফ্লোরা এ তথ্য জানান। তিনি বলেন, গত ২৪ ঘণ্টায় নতুন করে তিনজনের শরীরে করোনার সংক্রমণ শনাক্ত হয়েছে। তাদের মধ্যে দু'জন পুরুষ এবং একজন নারী। তাদের বয়স ২০ থেকে ৪০ বছরের মধ্যে। তাদের মধ্যে দু'জন বিদেশ থেকে এসেছেন। অপরজন আগে আক্রান্ত এক রোগীর সংস্পর্শে ছিলেন। আক্রান্ত তিনজনের মধ্যে একজনের ডায়াবেটিস আছে। তবে তিনজনের সংক্রমণই মৃদু। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

২। করোনা রোধে সহায়তা দেবে চীন : স্বাস্থ্যমন্ত্রীকে রাষ্ট্রদূত লি জিমিং

ঢাকায় নিযুক্ত চীনা রাষ্ট্রদূত লি জিমিং করোনা পরিস্থিতি মোকাবিলায় বাংলাদেশকে সব ধরনের সহায়তার আশ্বাস দিয়েছেন। গতকাল (২২ মার্চ রোববার) স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেকের সঙ্গে তাঁর বারিধারার বাসভবনে সাক্ষাৎ করেন রাষ্ট্রদূত। স্বাস্থ্যমন্ত্রী দেশে করোনা পরিস্থিতির সার্বিক চিত্র তুলে ধরেন। তিনি এ প্রাণঘাতী ভাইরাস মোকাবিলায় সরকারের গৃহীত নানা পদক্ষেপের কথা রাষ্ট্রদূতকে জানান। লি জিমিং দ্রুততম সময়ে শনাক্তকরণ কিট, ব্যক্তিগত নিরাপত্তা উপকরণসহ অন্যান্য চিকিৎসা সরঞ্জাম বাংলাদেশে পৌঁছানোর বিষয়ে মন্ত্রীকে আশ্বস্ত করেন। রাষ্ট্রদূত বলেন, বাংলাদেশ চাইলে চীনে করোনা মোকাবিলায় দক্ষতা অর্জনকারী চিকিৎসক ও নার্সদের পাঠানো হবে। তারা চিকিৎসার পাশাপাশি বাংলাদেশের চিকিৎসক ও নার্সদের দক্ষতা বৃদ্ধিতে সহায়তা করবেন। স্বাস্থ্যমন্ত্রী বলেন, চীন বাংলাদেশের আক্রান্ত মানুষের পাশে দাঁড়ানোর আশ্বাস দিয়েছে। তাদের এ বন্ধুত্বপূর্ণ মনোভাব প্রশংসনীয়। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.২), **যুগান্তর** (পৃ.২,ক.১) ।

৩। করোনাভাইরাস সম্পর্কে গণসচেতনতা সৃষ্টি করতে হবে : সেতুমন্ত্রী

করোনাভাইরাস নিয়ে সব ধরনের গুজব, মিথ্যা তথ্য, অপপ্রচার ও ষড়যন্ত্রমূলক কর্মকাণ্ড সম্পর্কে দলের নেতাকর্মীদের সতর্ক থাকতে বলেছে আওয়ামী লীগ। একইসঙ্গে এসব অপকর্মের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার পাশাপাশি জড়িত ব্যক্তিদের সম্পর্কে প্রশাসনকে অবহিত করতেও দলের নেতাকর্মীদের নির্দেশ দিয়েছে ক্ষমতাসীন দলটি। গতকাল (২২ মার্চ রোববার) আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এক বিবৃতিতে দল ও সব সহযোগী সংগঠনের নেতাকর্মীদের এমন ছয় দফা নির্দেশনা দেন। বিবৃতিতে তিনি বৈশ্বিক মহামারি করোনাভাইরাস মোকাবিলায় দলের নেতাকর্মীদের ব্যক্তিগত স্বাস্থ্যবিধি ও সতর্কতা মেনে চলে দেশব্যাপী গণসতেনতা সৃষ্টির লক্ষে উপযোগী কর্মসূচি পরিচালনারও নির্দেশ দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.২), **সমকাল** (পৃ.১৫,ক.৫)।

৪। করোনা নিয়ে বিএনপি বিদ্বেষ ছড়াচ্ছে : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, করোনাভাইরাস পরিস্থিতি নিয়ে বিএনপি বিদ্বেষমূলক কথাবার্তা বলছে। গতকাল (২২ মার্চ রোববার) তথ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে সমসাময়িক বিষয়াবলী নিয়ে গণমাধ্যম প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময়কালে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি আরো বলেন, দেশের এ পরিস্থিতিতে কারো রাজনীতি করা উচিত নয়। কিন্তু বিএনপি করোনা পরিস্থিতি নিয়ে নানা ধরনের বিদ্বেষমূলক দায়িত্বহীন কথাবার্তা বলছে, রাজনীতি করছে। আসলে এখন সকল রাজনৈতিক দলের উচিত দল মত নির্বিশেষে করোনা পরিস্থিতি মোকাবিলায় এগিয়ে আসা। **সূত্র-ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **সমকাল (পৃ.৩,ক.৪), ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

৫। করোনায় যাতে মানুষের ক্ষতি না হয় সেদিকে খেয়াল রাখবে সরকার :
প্রধান বিচারপতির সঙ্গে সাক্ষাৎ শেষে আইনমন্ত্রী

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, করোনাভাইরাস সম্পর্কে আমরা তো নয়ই, এমনকি চীনও আগে জানতো না। এ ভাইরাসে আক্রান্ত হয়ে দেশের মানুষের যাতে ক্ষতি না হয় সেদিকে খেয়াল রাখতে হবে। তিনি বলেন, করোনাভাইরাস উদ্ভূত পরিস্থিতিতে এখন দেশের মানুষ যাতে আক্রান্ত না হয়, মানুষের যাতে ক্ষতি না হয় সেটা নিশ্চিত করা আমাদের দায়িত্ব। গতকাল (২২ মার্চ রোববার) সুপ্রিমকোর্টে প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেনের সঙ্গে সাক্ষাৎ শেষে আইনমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৮) **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪)।

৬। করোনায় কেউ মারা গেলে সেদেশেই দাফনের অনুরোধ পররাষ্ট্রমন্ত্রীর

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে বাংলাদেশের কোনো নাগরিক বিদেশে মৃত্যু হলে সেদেশেই তাকে দাফনের অনুরোধ জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। গতকাল (২২ মার্চ রোববার) পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের কাছে তিনি এ তথ্য জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২)।

৭। কলকারখানা বন্ধ হলে গ্রামে ছড়াবে করোনাভাইরাস : শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী

কলকারখানা বন্ধ হলে গ্রামে করোনাভাইরাস ছড়িয়ে পড়বে বলে মন্তব্য করেছেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মন্নুজান সুফিয়ান। গতকাল (২২ মার্চ রোববার) রাজধানীর শ্রম ভবনের সম্মেলনকক্ষে শ্রমিক নেতাদের একাংশের সঙ্গে বৈঠকে তিনি এ কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, ফ্যাক্টরি বন্ধ করে দেয়া বড় কথা নয়। ফ্যাক্টরি বন্ধ করে দিলে সবাই তো গ্রামে যাবে, সেখানেও ছড়াবে। কারখানা বন্ধ করে দিলে করোনা থেকে রক্ষা পাবো না। তবে আমাদের প্রস্তুতি নিতে হবে। প্রস্তুত থাকতে হবে। প্রয়োজনে শ্রমিক কল্যাণ ফান্ড থেকে শ্রমিকদের জন্য সহায়তা আরো বাড়বে। শ্রমজীবীরা সচেতন হই, সবাই মিলে এ দুর্যোগ মোকাবিলা করব। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৪), **সমকাল** (পৃ.৭,ক.৬)।

৮। করোনা পরিস্থিতি নিয়ন্ত্রণে সরকার কাজ করছে : সজীব ওয়াজেদ জয়

প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় বলেছেন, করোনাভাইরাসের কারণে সৃষ্ট পরিস্থিতি নিয়ন্ত্রণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও আওয়ামী লীগ সরকার দিনরাত নিরলসভাবে কাজ করে যাচ্ছে। গতকাল (২২ মার্চ রোববার) ফেসবুকে দেওয়া এক স্ট্যাটাসে তিনি এ কথা বলেন। তিনি এ মহামারি নিয়ন্ত্রণে সবাইকে সহযোগিতার আহ্বান জানান। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫)।

৯। করোনা মোকাবিলায় সার্ককে ১৫ লাখ ডলার দিচ্ছে বাংলাদেশ

প্রাণঘাতী করোনাভাইরাসের প্রাদুর্ভাব মোকাবিলায় সার্কের স্বাস্থ্য ঝুঁকি প্রতিরোধে প্রস্তাবিত তহবিলে বাংলাদেশ ১৫ লাখ ডলার দেওয়ার ঘোষণা দিয়েছে। পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা সার্ক দপ্তরকে এ তহবিল প্রদানের মৌখিক অনুমোদন দিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৪)।

১০। করোনাভাইরাস সংক্রান্ত গুজব প্রতিরোধে সেল গঠন

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, তথ্য মন্ত্রণালয়ে একটি গুজব প্রতিরোধ সেল আছে। এরপরও করোনাভাইরাস মোকাবিলায় মন্ত্রণালয়ের পক্ষ থেকে পৃথক গুজব প্রতিরোধ সেল খোলা হচ্ছে। গতকাল (২২ মার্চ রোববার) এ বিষয়ে একটি প্রজ্ঞাপন জারি করা হয়। সেলে সব সংস্থার পক্ষ থেকে প্রতিনিধি থাকবে। তথ্য মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে তারা কাজ করবেন। করোনা প্রতিরোধে যে টাস্কফোর্স গঠন করা হয়েছে এ সেল তাদের সঙ্গে সমন্বয় করে কাজ করবে। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৪)।

১১। করোনাভাইরাস শনাক্তকরণ কিটসহ ১২ পণ্য আমদানিতে শুল্ককর অব্যাহতি : এনবিআরের আদেশ জারি

করোনাভাইরাস শনাক্তকরণ কিট, অ্যালকোহল, সার্জিক্যাল মাস্ক, সুরক্ষাসামগ্রীসহ ১২ ধরনের পণ্য আমদানিতে সম্পূর্ণ শুল্ককর অব্যাহতি দেওয়া হয়েছে। আগামী ৩০ জুন পর্যন্ত এ সুবিধা বলবৎ থাকবে। গতকাল (২২ মার্চ রোববার) জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এ বিষয়ে আদেশ জারি করে। গতকাল থেকে তা কার্যকর করা হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.৬), **অবজারভার** (শেষ পৃ,ক.১)।

১২। ২৫ মার্চ থেকে ৩১ মার্চ পর্যন্ত সারাদেশের বিপণিবিতান বন্ধ ঘোষণা

আগামী ২৫ মার্চ থেকে ৩১ মার্চ পর্যন্ত সারাদেশের বিপণিবিতানগুলো বন্ধের ঘোষণা দিয়েছে বাংলাদেশ দোকান মালিক সমিতি। তবে মুদি, ওষুধ ও নিত্যপণ্যের দোকান খোলা থাকবে। গতকাল (২২ মার্চ রোববার) দোকান মালিক সমিতি এক বিবৃতিতে এ ঘোষণা দেয়। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫, **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

১৩। মন্ত্রিসভার বৈঠক হচ্ছে না আজ

মন্ত্রিসভার নিয়মিত বৈঠক আজ ২৩ মার্চ সোমবার হচ্ছে না। মন্ত্রিপরিষদ সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

১৪। সরকারি কর্মকর্তা-কর্মচারীদের কর্মস্থলে থাকার নির্দেশ

সর্বস্তরের সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সার্বক্ষণিক কর্মস্থলে থাকার নির্দেশ নেওয়া হয়েছে। করোনাভাইরাস প্রতিরোধে ও এর প্রাদুর্ভাবজনিত যেকোনো জরুরি পরিস্থিতি মোকাবিলার জন্য সরকার এমন সিদ্ধান্ত নিয়েছে। গতকাল (২২ মার্চ রোববার) মন্ত্রিপরিষদ বিভাগের এক আদেশে এ নির্দেশনা দেওয়া হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

১৫। স্থলবন্দর দিয়ে বিদেশি প্রবেশে নিষেধাজ্ঞা

বিশ্বব্যাপী ছড়িয়ে পড়া মহামারি করোনাভাইরাস ঠেকাতে বাংলাদেশের সব স্থলবন্দর দিয়ে বিদেশি নাগরিকদের প্রবেশে নিষেধাজ্ঞা জারি করেছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। গতকাল (২২ মার্চ রোববার) মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগ থেকে এ সংক্রান্ত আদেশ জারি করা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.২), **সমকাল** (পৃ.৩,ক.২)।

১৬। এইচএসসি ও সমমানের পরীক্ষা স্থগিত

করোনা ভাইরাসের বিস্তার রোধে আসন্ন এইচএসসি ও সমমানের পরীক্ষা স্থগিত করা হয়েছে। আগামী ১ এপ্রিল এ পরীক্ষা শুরু হওয়ার কথা ছিল। শিক্ষা মন্ত্রণালয় থেকে জানানো হয়েছে, পরীক্ষা আপাতত স্থগিত করা হলেও আগামী এপ্রিল মাসের প্রথম দিকে এইচএসসি ও সমমান পরীক্ষার পরবর্তী তারিখ জানানো হবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** বাংলাদেশে করোনার মহামারি ঠেকাতে এখনই লকডাউন করার ওপর গুরুত্বারোপ।

খ. **বণিক বার্তা** : কারোনা নিয়ে গ্রামাঞ্চলের মানুষের সচেতনতার ঘাটতি পরিলক্ষিত হচ্ছে উল্লেখ করে সচেতনতা বাড়াতে স্থানীয় জনপ্রশাসন ও জনপ্রতিনিধিদের সক্রিয় ভূমিকা রাখার সুপারিশ।

গ. **যায়যায়দিন** : চট্টগ্রামের লোহাগাড়া উপজেলায় ট্রাক ও হিউম্যান হলারের মুখোমুখি সংঘর্ষে ১৩ জনের মৃত্যুর কথা উল্লেখ করে সড়ক পথের নিরাপত্তা এবং দুর্ঘটনারোধে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **সংবাদ :** করোনাভাইরাসের সংক্রমণে সৃষ্ট দুর্দিনে অসাধু ব্যবসায়ীরা নিত্যপণ্যের দাম বাড়িয়ে দিয়েছে উল্লেখ করে এসব অসাধু ব্যবসায়ীদের দমনে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ঙ. **ভোরের কাগজ :** দেশে বিপুলসংখ্যক মানুষের মৃত্যুর বড় কারণ দূষিত পানি উল্লেখ করে সুপেয় পানির এ সংকট সমাধানে নজর দেওয়ার সুপারিশ।

চ. **এশিয়ান এজ :** প্রতিবন্ধীদের সমাজের বোঝা মনে না করে উপযুক্ত প্রশিক্ষণ ও শিক্ষার মাধ্যমে দক্ষ করে গড়ে তোলার আহ্বান।

ছ. **নিউজ টুডে :** বাজারে হ্যান্ড স্যানিটাইজারের দুষ্প্রাপ্যতার কথা উল্লেখ করে এটি সহজলভ্য করতে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

#

ডালিয়া/সাঈদা/মাসুম/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা